

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১৭২
আগরতলা, ০১ অক্টোবর, ২০২৩

ত্রিপুরা স্টেট ইলেক্ট্রনিক ট্রান্সফিউশন কাউন্সিলের উদ্যোগে রক্তদান শিবির
বর্তমানে রাজ্যব্যাপী রক্তদান কর্মসূচির চিত্র সারা দেশে সমাদৃত হচ্ছে : মুখ্যমন্ত্রী

বর্তমানে রাজ্যব্যাপী রক্তদান কর্মসূচির চিত্র সারা দেশে সমাদৃত হচ্ছে। রাজ্যের মানুষের মধ্যে এখন রক্তদানে এগিয়ে আসার ইতিবাচক মানসিকতা লক্ষ্য করা যাচ্ছে। আজ মহারাণী তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ত্রিপুরা স্টেট ইলেক্ট্রনিক ট্রান্সফিউশন কাউন্সিল আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, গত বিধানসভা নির্বাচনের সময় রাজ্যে রক্তের অনেক সংকট দেখা দিয়েছিল। নির্বাচনের পর এই সংকটের সমাধানে রক্তদানে রাজ্যবাসীকে এগিয়ে আসতে সরকারের পক্ষ থেকে আবেদন জানানো হয়। যার ফল স্বরূপ এখন অনেকটা ইতিবাচক সুফল পাওয়া যাচ্ছে। রাজ্যবাসী এখন স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসছেন। আমাদের রাজ্যে রক্ত মজুতের সংখ্যা অনেকটা স্বাভাবিক রয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, ১ অক্টোবর জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবস। এই দিনটি আজ সারা দেশের সঙ্গে রাজ্যেও উদযাপন করা হচ্ছে। রক্তের কোন ধর্ম নেই-জাত নেই। রক্তদান আমাদের মনে করিয়ে দেয় আমরা সবাই এক। রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা স্টেট ইলেক্ট্রনিক ট্রান্সফিউশন কাউন্সিলের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা। তাছাড়া বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক ও ডাঃ রঞ্জন বিশ্বাস। উপস্থিত ছিলেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন।
